রেজিস্টার্ড নং ডি এ-১


# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ১৭, ১৯৯০


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রাষ্ট্রপতির সচিবালয়

জন বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০শে কার্তিক, ১৩৯৭/১৫ই নভেম্বর, ১৯৯০

এস, আর, ও, নং ৪০০-আইন/৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ এর শতাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :

১। সংক্ষিপ্ত শিরনাম।—এই বিধিমালা রাষ্ট্রপতির নিরাপত্তা বাহিনীর নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে ;

(খ) "তফসিল" বলিতে বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে ;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকার বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে ;

(ঘ) "নির্দিষ্টকৃত পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে ;



মূল্যঃ ৬০ পয়সা

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্টকৃত পদের যোগ্যতা বুঝাইবে;

(চ) "শিক্ষানবিশ" বলিতে নির্দিষ্টকৃত পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে; এবং

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতি প্রাপ্ত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন নির্দিষ্টকৃত পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে।

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে,

(খ) পদোন্নতির মাধ্যমে, অথবা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়: তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন নির্দিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) কমিশনের আওতা বহির্ভূত পদসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) নির্দিষ্টকৃত কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন, তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন;

(৪) কোন নিদিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা নিদিষ্টকৃত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নিদিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগ কর্তৃপক্ষের দপ্তর কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্ত মোতাবেক যথাযথ ফরমে ও নিদিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ;

(খ) সরকারী চাকরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশ এর ভিত্তিতে নিদিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর নিদিষ্টকৃত পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নিদিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নিদিষ্টকৃত পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে : তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ :—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ :—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসিকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

**তফসিল**

| ক্রমিক নং। | নির্দিষ্টকৃত পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স-সীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | উচ্চমান সহকারী | .. | মন্ত্রণালয়/বিভাগের জন্য সরকারি অনুমোদিত নিয়োগ-বিধি অনুযায়ী। | .. |
| ২। | সাঁট লিপিকার (পি,এ) | .. | ঐ | .. |
| ৩। | নিম্নমান সহকারী | .. | ঐ | .. |
| ৪। | ড্রাফ্টসম্যান | অনুর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় পাসসহ সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ড্রাফ্টসম্যান-শীপ সার্টিফিকেটপ্রাপ্ত। |
| ৫। | ড্রেস সুপারভাইজার | .. | সশস্ত্র বাহিনীর মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে। | হাবিলদার অথবা সমমর্যাদা সম্পন্ন কর্মচারী-দের মধ্য হইতে বদলী/নিয়োগের মাধ্যমে। |
| ৬। | মেস করনিক | .. | ঐ | নায়েক করনিক অথবা সমমর্যাদা সম্পন্ন কর্মচারীদের মধ্য হইতে বদলী/নিয়োগের মাধ্যমে। |
| ৭। | ষ্টোরম্যান/ষ্টুয়ার্ড | .. | সরাসরি অথবা সশস্ত্র বাহিনী হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে। | নায়েক অথবা সমমর্যাদা সম্পন্ন কর্মচারীদের মধ্য হইতে ন্যূনপক্ষে মাধ্যমিক পরীক্ষা পাসসহ ফুড এণ্ড বিভারেজ প্রটেকশন সনদ-প্রাপ্ত। |
| ৮। | ড্রাইভার | অনুর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ন্যূনপক্ষে ৮ম শ্রেণী পাস এবং ভারী গাড়ী চালানোর বৈধ লাইসেন্সসহ গাড়ী চালানোর ৩ বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯। | মেস কুক | .. | সরাসরি অথবা সশস্ত্র বাহিনী হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাসসহ বাবুর্চির কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ১০। | মেস ওয়েটার/সহকারী ষ্টুয়ার্ড | অনুর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ন্যূনপক্ষে ৮ম শ্রেণী পাসসহ ফুড এণ্ড বিভারেজ সার্ভিস সনদপ্রাপ্ত। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১। | এম, এল, এস, এস, | .. | সরকার অনুমোদিত নিয়োগ-বিধি অনুযায়ী। | .. |
| ১২। | মশালচী/ডিশ ওয়াসার | অনুর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ন্যূনপক্ষে ৮ম শ্রেণী পাস। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৩। | মালী | ঐ | ঐ | ন্যূনপক্ষে ৮ম শ্রেণী পাস। অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৪। | ঝাড়ুদার | ঐ | ঐ | ন্যূনপক্ষে ৮ম শ্রেণী পাস। অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ রফিকুল ইসলাম
পরিচালক।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।